

# দ্রব্যমূল্য বৃদ্ধি

দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে গতকাল বিকেলে  
যে মিছিলটি রাস্তায় বেরিয়েছিল,  
তার ফেস্টুনের বংশদণ্ডের এবং কাপড়ের  
আকার ও আয়তন

গত বছরের তুলনায় এ বছর অনেক কম,  
ফলে স্লোগানগুলিও কিঞ্চিৎ ছোটো—  
এবং এসবের কারণ হল,  
গত বছরের তুলনায় এ বছর  
বাঁশ ও কাপড়ের দাম অনেক বেশি।

দ্রব্যমূল্য বৃদ্ধির উপর বক্তৃতা দিতে  
যে প্রবীণ অধ্যাপক গতকাল বিকেলে  
বণিকসভায় এসেছিলেন,  
তিনি বললেন, ‘আপনারা আমার পারিশ্রমিকটা  
তিনশো টাকা বাড়িয়ে দেবেন,  
জিনিসপত্রের যা দাম।’

দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে  
এইমাত্র একজন ভিথিরি  
একটা দু-পয়সা আমার মুখের উপর ছুঁড়ে দিয়ে  
খোঁড়াতে খোঁড়াতে চলে গেল।

# চোখে – চোখে

চালাঘর, মাটির উঠোন,  
দেয়ালে রঙিন আলপনা,  
চাঁদ তারা, পর ও আপন —  
কেউ বলেছিল, ‘ভুলব না।’  
উঠোনের ওপাশে পুকুর,  
কালো মেয়ে, শাদা রাজহাঁস  
বৃষ্টি পড়ে টাপুর টুপুর  
প্রিয়তমা, কোরো না নিরাশ।

তারা পদ রায়